তারিখ ..23 AUG 1994
পৃষ্ঠা ৬ কলাম ৭

আজকের কাগজ

13

# ভাঙ্গুড়ায় ৬৮৫ জন ছাত্রীর মধ্যে উপবৃত্তির টাকা বিতরণ

পাবনা জেলার ভাঙ্গুড়া থানায় গত ১২ আগষ্ট রাজশাহী বিভাগের মধ্যে প্রথম উপবৃত্তির আওতায় ভাঙ্গুড়া থানার ৯টি স্কুল-মাদ্রাসার ৬ষ্ঠ ও নবম শ্রেণীর ৬৮৫ জন ছাত্রীর মধ্যে মাসিক ২৫ টাকা ও ৬০ টাকা হিসেবে ৬ মাসের টাকা চাটমোহর শাখার জনতা ব্যাংকের মাধ্যমে বিতরণ করা হয়েছে। ব্যাংক কর্মকর্তা ও কর্মচারির সমন্বয়ে "বুথ ব্যাংকের" মাধ্যমে ভাঙ্গুড়া জরিনা রহিম বালিকা উচ্চ বিদ্যালয়ে উপস্থিত হয়ে স্ব স্ব স্কুলের প্রধান শিক্ষকের উপস্থিতিতে এই টাকা প্রাপকদের হাতে দেয়া হয়। এক অনাড়ম্বর অনুষ্ঠানের মধ্য দিয়ে বর্তমান সরকার ঘোষিত নারী শিক্ষা সম্প্রসারণ কর্মসূচির শুভ উদ্বোধন করেন

এরিয়া অফিসের সিনিয়র প্রিন্সিপাল অফিসার একিউএম ফজলে রকিব। এ সময় অন্যান্যের মধ্যে চাটমোহর জনতা ব্যাংকের ব্যবস্থাপক আমজাদ হোসেনসহ সর্বস্তরের জনতা উপস্থিত ছিলেন। ভাঙ্গুড়া থেকে কাগজ প্রতিনিধি।